**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ১৭/২০১৭**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**ঢাকা, রোববার ২২ জানুয়ারি ২০১৭, ৯ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশের উন্নয়ন দেখে বিশ্ব নেতারা অভিভূত : প্রধানমন্ত্রী

২। বিশ্ব অর্থনৈতিক ফোরামের সভায় যোগদান শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। দশম সংসদের ১৪তম অধিবেশন শুরু আজ : ভাষণ দেবেন রাষ্ট্রপতি

৪। বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল : বাণিজ্যমন্ত্রী

৫। পুলিশ বাহিনীর তিন সেন্টার ও পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৬। ভুয়া মুক্তিযোদ্ধার সম্পদ বাজেয়াপ্ত করা হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৭। এক লাখ অমুক্তিযোদ্ধা বাদ দিয়ে ডিজিটাল করা হবে মুক্তিযোদ্ধা তালিকা : নৌপরিবহণমন্ত্রী

৮। সংবিধান বহির্ভূত কোনো সংলাপ নয় : তথ্যমন্ত্রী

৯। ভারতের এক্সিম ব্যাংকের সঙ্গে রামপাল বিদ্যুৎ প্রকল্পের ঋণ চুক্তি আগামী মাসে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১০। বিশ্ব ইজতেমার ২য় পর্বের আখেরি মোনাজাত আজ

চলমান পাতা-২

১। **বাংলাদেশের উন্নয়ন দেখে বিশ্ব নেতারা অভিভূত : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন দেখে এখন বিশ্ব নেতারা অভিভূত। তাই বাংলাদেশের ব্যাপারেও তারা আগের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করেছেন। সুইজারল্যান্ডে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) সম্মেলনে যোগদান শেষে গতকাল ২১ জানুয়ারি শনিবার প্রধানমন্ত্রী দেশে ফেরেন। বিকালে গণভবনে আওয়ামী লীগ নেতাদের সঙ্গে কুশল বিনিময়কালে প্রধানমন্ত্রী আরো বলেন, আগে তো এসব সম্মেলনে (ডব্লিউইএফ) বাংলাদেশ দাওয়াত পেত না। সুন্দরবনের অদূরে রামপাল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ নিয়ে সুইজারল্যান্ডে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) সম্মেলনে বিশ্ব পরিবেশবাদীদের প্রশ্নের মুখে পড়েছিলেন সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে কুশল বিনিময় অনুষ্ঠানে উপস্থিত আওয়ামী লীগের কেন্দ্রীয় একজন নেতা জানান, এই বিষয়টিকে পরিকল্পিত বলে মনে করছেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী বলেন, আমিও বিশ্ব নেতাদের, পরিবেশবাদীদের চ্যালেঞ্জ দিয়ে বলে এসেছি আপনারা পরিবেশবাদীরা বাংলাদেশে আসেন, আমরা সব দেখাব। পৃথিবীর যেকোনো পরিবেশবাদী রামপাল প্রকল্প দেখতে আসতে পারেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **বিশ্ব অর্থনৈতিক ফোরামের সভায় যোগদান শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

সুইজারল্যান্ডের ডাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামের সভায় অংশগ্রহণ করে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২১ জানুয়ারি শনিবার বেলা ১১টার দিকে প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী এমিরেটস এয়ার লাইন্সের বিমানটি হযরত শাহজালালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছেছে। এ সময় মন্ত্রিসভার সদস্যসহ ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। গত ২০ জানুয়ারি শুক্রবার বিকালে এমিরেটসের একটি ফ্লাইটে জুরিখ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রওনা হয়েছিলেন প্রধানমন্ত্রী। দুবাইয়ে চার ঘন্টার যাত্রাবিরতি শেষে তিনি দেশে ফেরেন। ডাভোসে ধনী ও ক্ষমতাধর ব্যক্তিদের সংগঠন হিসেবে পরিচিত বিশ্ব অর্থনৈতিক ফোরামে বাংলাদেশের কোনো নির্বাচিত সরকার প্রধানের এটাই ছিল প্রথম অংশগ্রহণ। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **এশিয়ান এজ, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **দশম সংসদের ১৪তম অধিবেশন শুরু আজ : ভাষণ দেবেন রাষ্ট্রপতি**

বছরের প্রথম এবং চলতি দশম সংসদের চর্তুদশ অধিবেশন বসছে আজ ২২ জানুয়ারি রোববার। বিকাল ৪ টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হবে। এর আগে কার্যউপদেষ্টা কমিটির বৈঠকে সংসদের মেয়াদ ও কার্যক্রম নির্ধারণ করা হবে। সংবিধান অনুযায়ী বছরের প্রথম এই অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সংসদ সচিবালয়ের কর্মকর্তারা জানিয়েছেন এবার অধিবেশনের মেয়াদ দীর্ঘ হবে। রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবে আলোচনায় অংশ নেবেন সরকার ও বিরোধী দলের সদস্যরা। সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের মৃত্যুতে আজ ২২ জানুয়ারি অধিবেশনের শুরুতে শোক প্রস্তাব গ্রহণ হবে। সন্ধ্যা ৬ টায় সংসদে ভাষণ দেবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৪। **বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ আজ বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল। আর বেসরকারি খাতই হচ্ছে বাংলাদেশের উন্নয়নের মূল চালিকাশক্তি। বেসরকারি খাত বিকাশে সহায়তার মাধ্যমে ২০২১ সালের মধ্যে আমাদের মোট রপ্তানি ৬০ বিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে। রানার প্রথমবারের মতো মোটরসাইকেল রপ্তানি করছে যা অত্যন্ত গর্বের। এটি দেশের রপ্তানি ইতিহাসে এক নতুন মাইলফলক। রানার অটোমোবাইলস লিমিটেড উৎপাদিত মোটর সাইকেল নেপালে রপ্তানির সূচনা উপলক্ষে গতকাল ২১ জানুয়ারি শনিবার ময়মনসিংহের ভালুকায় আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (পৃ.১৫,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস বিজনেস পাতা** (পৃ.১,ক.২), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

৫। **পুলিশ বাহিনীর তিন সেন্টার ও পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

প্রযুক্তিগত তদন্তে আরও একধাপ এগিয়ে যাচ্ছে বাংলাদেশ পুলিশ। এর জন্য পুলিশ বাহিনীতে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেন্টার, ফরেনসিক ডিএনএ ল্যাবরেটরি ও সাইবার ক্রাইম ট্রেনিং সেন্টার নামে তিনটি প্রতিষ্ঠান যাত্রা শুরু করছে। পুলিশ সপ্তাহ-২০১৭ উপলক্ষে আগামীকাল ২৩ জানুয়ারি সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন এসব প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। পুলিশের অপরাধ তদন্ত বিভাগের

মুখপাত্র ও বিশেষ পুলিশ সুপার মোল্যা নজরুল ইসলাম বলেন, পুলিশ সপ্তাহ উপলক্ষে প্রধানমন্ত্রী রাজারবাগ প্যারেড শেষে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেন্টার, ফরেনসিক ডিএনএ ল্যাবরেটরি ও সাইবার ক্রাইম ট্রেনিং সেন্টারের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এ তিনটি প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক যাত্রায় পুলিশের সাইবার অপরাধ তদন্তে গতি আসবে। এতে কোনো ঘটনার বৈজ্ঞানিক তদন্তেও সুযোগ সৃষ্টি হলো। এখন আর প্রযুক্তিগত তদন্তে যুক্তরাষ্ট্র এফবিআই বা অন্য কোনো সংস্থার ওপর নির্ভর হতে হবে না। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৩),

এছাড়া নান্দনিক স্থাপত্য আর শৈল্পিক নিদর্শনে তৈরি বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর সর্বসাধারণের জন্য উন্মুক্ত হচ্ছে। ১৯ কোটি টাকা ব্যয়ে এ জাদুঘর আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পুলিশ সপ্তাহ উপলক্ষে আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্বোধনের পরপরই ২০১৬ সালে নির্মিত এ জাদুঘর সাধারণ মানুষের পরিদর্শনের জন্য খুলে দেওয়া হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩)।

**৬। ভুয়া মুক্তিযোদ্ধার সম্পদ বাজেয়াপ্ত করা হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এ কে এম মোজাম্মেল হক বলেছেন, মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম শুরু হয়েছে। প্রত্যেক শনিবার এ কার্যক্রম চলবে। আগামী ৫ সপ্তাহ এই কার্যক্রম চলবে। যাতে কোনো অসত্য তথ্য দেওয়া না হয় এজন্য শাস্তির বিধান রাখা হয়েছে। ভুয়া মুক্তিযোদ্ধা বানানোর জন্য যারা মিথ্যা সাক্ষী দেবেন ওই সমস্ত মুক্তিযোদ্ধার ভাতা এক থেকে ৩ বছর বন্ধ থাকবে। আইন মন্ত্রণালয় ও জেলা প্রশাসনের মাধ্যমে ভুয়া মুক্তিযোদ্ধাদের সম্পদ বাজেয়াপ্ত করা হবে। জেলা প্রশাসনের মাধ্যমে ভুয়া মুক্তিযোদ্ধাদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। তালিকা পাওয়ার পর আইনানুগভাবে তাদের সম্পদ সরকারের নিয়ন্ত্রণে নেওয়া হবে। গতকাল ২১ জানুয়ারি শনিবার নারায়ণগঞ্জ বন্দর এলাকায় আমিজউদ্দিন এতিমখানার ছাত্রদের জন্য নির্মিতব্য তিন তলা বিশিষ্ট সানড্রা ম্যাককারসি হলের উদ্বোধন উপলক্ষে এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

**৭। এক লাখ অমুক্তিযোদ্ধা বাদ দিয়ে ডিজিটাল করা হবে মুক্তিযোদ্ধা তালিকা : নৌপরিবহণমন্ত্রী**

নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, বিভিন্ন সময়ে প্রায় ১ লাখ অমুক্তিযোদ্ধা তালিকাভুক্ত হয়েছে এখন তাদের নাম বাদ দিয়ে ডিজিটাল সনদপত্র তৈরি করে দেওয়া হবে। এতে করে নতুন আর ভুয়া মুক্তিযোদ্ধা হওয়ার সম্ভাবনা থাকবে না। মন্ত্রী বলেন, বঙ্গবন্ধুকে হত্যার পর বিভিন্ন সময়ে অনেক অমুক্তিযোদ্ধা মুক্তিযোদ্ধা হয়েছে। এদের সংখ্যা প্রায় ১ লাখ ছাড়িয়েছে। এখন সময় এসেছে ভুয়াদের শনাক্ত করার। সেই যাচাই-বাছাই এখন থেকে শুরু হয়েছে। আমরা চেষ্টা করব, যারা প্রকৃত মুক্তিযোদ্ধা তাদেরই ডিজিটাল সনদপত্র দেওয়ার। এতে করে আর ভুয়া মুক্তিযোদ্ধা সৃষ্টি হতে পারবে না। গতকাল ২১ জানুয়ারি শনিবার একুশে পদকপ্রাপ্ত চিত্রশিল্পী কাজী আনোয়ার হোসেন সমাজকল্যাণ সংস্থার উদ্যোগে ও আলোড়ন ৯২ ব্যাচের সহযোগিতায় আচমত আলী খান মুক্তিযোদ্ধা সংসদ মিলনায়তনে দুস্থ, গরিব ও প্রতিবন্ধীদের মাঝে কম্বল বিতরণ অনুষ্ঠানে নৌমন্ত্রী শাজাহান খান এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৮। সংবিধান বহির্ভূত কোনো সংলাপ নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, অনির্বাচিত অন্তবর্তীকালীন সরকার গঠনের বিধান বাংলাদেশের সংবিধানে নেই। সুতরাং, নির্বাচনকালীন সরকার গঠনের প্রস্তাব মনগড়া ও দেশকে সংকটে ফেলার অপচেষ্টা। তাই সংবিধান বহির্ভূত কোনো সংলাপ হতে পারে না। গতকাল ২১ জানুয়ারি শনিবার কুষ্টিয়ার মিরপুরে 'বর্ডার গার্ড' পরিচালিত স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন শেষে এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.১০,ক.৪)।

**৯। ভারতের এক্সিম ব্যাংকের সঙ্গে রামপাল বিদ্যুৎ প্রকল্পের ঋণ চুক্তি আগামী মাসে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ ও জ্বালানি খাতে দেশ এগিয়ে যাচ্ছে। আগামী মাসেই রামপাল বিদ্যুৎ প্রকল্পের ঋণের বিষয়ে ভারতের এক্সিম ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষর হবে। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম নিয়ন্ত্রণে একটি নীতিমালাও ফেব্রুয়ারিতে চূড়ান্ত হবে। বিদ্যুৎ সংযোগের সময়সীমা কমিয়ে আনা হচ্ছে। আবাসিকে সংযোগ ২৪ ঘন্টার মধ্যে দেওয়ার চেষ্টা চলছে। গতকাল ২১ জানুয়ারি শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর রুনি মিলনায়তনে মিট দ্য প্রেস অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

## ১০। বিশ্ব ইজতেমার ২য় পর্বের আখেরি মোনাজাত আজ

আজ ২২ জানুয়ারি রোববার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হচ্ছে মুসলিম বিশ্বের দ্বিতীয় বৃহত্তম জমায়েত ৫২তম বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব। দ্বিতীয় পর্বের দ্বিতীয় দিনে ২১ জানুয়ারি শনিবার তুরাগ তীরে টঙ্গীর ইজতেমা ময়দানে লাখ লাখ মুসল্লির উদ্দেশে চলে পবিত্র কোরান-হাদিসের আলোকে গুরুত্বপূর্ণ বয়ান। আজ সকাল দশটা থেকে বেলা সাড়ে এগারোটার মধ্যে আখেরি মোনাজাত অনুষ্ঠিত হবে বলে ইজতেমা কর্তৃপক্ষ জানিয়েছে। মোনাজাতের আগে দেওয়া হবে হেদায়তি বয়ান। বিশ্ব তাবলীগ জামাতের শীর্ষ মুরব্বি দিল্লীর হযরত মাওলানা সা'দ আহমেদ আখেরি মোনাজাত পরিচালনা করবেন। মোনাজাতে বাংলাদেশসহ সারা দুনিয়ার মানুষের সুখ শান্তি ও কল্যাণ কামনা করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪) **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

### সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর জন্য খরাসহিষ্ণু, বন্যাসহিষ্ণু, লবণাক্ততা-সহিষ্ণু ও শৈত্যপ্রবাহ-সহিষ্ণু জাত উদ্ভাবনে গবেষণা প্রয়োজন আর এজন্য এ খাতে বিনিয়োগ বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ।

খ. **সংবাদ :** রেন্টাল ও কুইক রেন্টালের প্রতি অতিমাত্রায় নির্ভরশীলতা কমিয়ে বিদ্যুৎ উৎপাদনের নিজস্ব সক্ষমতা বৃদ্ধির সুপারিশ।

গ. **প্রথম আলো :** ডোনাল্ড ট্রাম্প এর পররাষ্ট্রনীতি অপেক্ষাকৃত কম হস্তক্ষেপমূলক হবে এবং আমেরিকান গণতান্ত্রিক ঐতিহ্য অটুট থাকবে বলে আশা প্রকাশ।

ঘ. **যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** বিশ্বের সবচেয়ে প্রভাবশালী রাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প এর শপথ গ্রহণ করায় তাকে অভিনন্দন জানিয়ে তিনি বাকি বিশ্বের সঙ্গে সুসম্পর্ক গড়ে তুলতে সচেষ্ট হবেন বলে আশা প্রকাশ।

ঙ. **জনকণ্ঠ :** সম্প্রতি বিদ্যুতখাতে সৌদি আরবের বিনিয়োগের প্রেক্ষাপটে বিদেশী বিনিয়োগ দেশের সমৃদ্ধিই আনে না, নতুন নতুন কর্মক্ষেত্রও সৃষ্টি করে বলে উল্লেখ।

চ. **ভোরের কাগজ :** কিশোররা যেন অপরাধে জড়াতে না পারে এবং কেউ তাদের অসৎ কাজে ব্যবহার করতে না পারে সে বিষয়ে নজর দিতে হবে এবং শিশু কিশোরদের খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে আকৃষ্ট করা এবং যুক্ত করার সুযোগ বাড়াতে হবে।

ছ. **অবজারভার :** যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে নতুন যুগের সূচনার পরিপ্রেক্ষিতে বিশ্বকে এখন অপেক্ষা করতে হবে এবং আশাবাদী থাকতে হবে যে কিভাবে ডোনাল্ড ট্রাম্প প্রশাসন কাজ করবে বলে উল্লেখ।

জ. **ডেইলি সান :** কৃষিপণ্য সংরক্ষণের ব্যবস্থা না থাকায় কৃষককে উৎপাদন খরচের চেয়েও কম মূল্যে পণ্য বিক্রি করতে হয়, এমতাবস্থায় সরকারকে কৃষিপণ্য সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের দ্বিপক্ষীয় সম্পর্ক আরো জোরদার হবে এবং জিএসপি সুবিধা পুনর্বহাল হওয়ার প্রত্যাশা নতুন মার্কিন প্রেসিডেন্টের কাছে বলে উল্লেখ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

### উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে মোবাইল ব্যাংকিং এর পরিসর সীমিত করা হলে তা কখনোই ই-কমার্স বিকাশের সহায়ক হতে পারে না এমতাবস্থায় সরকারকে সম্ভাবনাময় খাত হিসেবে ই-কমার্সকে প্রণোদনা দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

### নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কোচিং বাণিজ্য : এক মহামারী'** শিরোনামের নিবন্ধে শরীফুল্লাহ মুক্তি কোচিং বাণিজ্য বন্ধে অভিভাবকদেরই প্রথম এগিয়ে আসতে হবে এবং প্রত্যেক শিক্ষককে কোচিং পরিচালনা সংক্রান্ত সরকারি নীতিমালা মানতে বাধ্য করতে হবে, যারা না মানবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা